



বাংলাদেশ নির্বাচন কমিশন
জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
বাগেরহাট।
www.ecs.gov.bd



স্মারক নং-১৭.০৫.০১০০.০০০.৩২.০০১.২২- ২০৫

তারিখঃ ০৭ এপ্রিল ২০২২
২৩ চৈত্র ১৪২৮

‘নিয়োগ বিজ্ঞপ্তি’

নির্বাচন কমিশন সচিবালয়ের ২৮ মার্চ ২০২২ খ্রিঃ তারিখের স্মারক নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০১৬.১২১-১৮১ পত্রের প্রেক্ষিতে বাগেরহাট জেলার ০৯ (নয়) টি উপজেলার ভোটার তালিকা হালনাগাদকরণ-২০২২ সম্পাদনের লক্ষ্যে ০২ টি রেজিস্ট্রেশন টিমের প্রয়োজনীয় সংখ্যক ডাটা এন্ট্রি অপারেটর, টেকনিক্যাল এক্সপার্ট/সাপোর্ট, প্লুফ রিডার, ডাটা এন্ট্রি হেলপার ও টিম লিডার নিয়োগের জন্য নিম্ন বর্ণিত শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে কেবল ভোটার তালিকা হালনাগাদকালীন সময়ের জন্য জনবল নিয়োগের লক্ষ্যে আগ্রহী প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা	মন্তব্য
১	২	৩	৪	৫
১.	টেকনিক্যাল এক্সপার্ট/ সাপোর্ট	এইচ.এস.সি/সমমান, কম্পিউটার ডিপ্লোমা কোর্স সম্পন্নকরণের ডিগ্রী থাকতে হবে	ছবিসহ ভোটার তালিকা প্রণয়ন কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে	ছবিসহ ভোটার তালিকা প্রণয়ন কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য
২.	টিম লিডার	-ঐ-	-ঐ-	
৩.	প্লুফ রিডার	-ঐ-	-ঐ-	
৪.	ডাটা এন্ট্রি অপারেটর	-ঐ-	-ঐ-	
৫.	ডাটা এন্ট্রি হেলপার	এস.এস.সি/সমমান	-ঐ-	

২। উল্লিখিত যোগ্যতা সম্পন্ন আগ্রহী প্রার্থীদেরকে আগামী ২০ এপ্রিল ২০২২ খ্রিঃ তারিখের মধ্যে জেলা নির্বাচন অফিসার, বাগেরহাট বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র অত্র কার্যালয় (জেলা নির্বাচন অফিসার, বাগেরহাট) অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে (অফিস চলাকালীন) সময়ে দাখিল করা যাবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

শর্তাবলীঃ

- ২০০৭, ২০০৯, ২০১২ ও ২০১৪, ২০১৭, ২০১৯ সনে প্রণীত ছবিসহ ভোটার তালিকা প্রণয়ন কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হবে।
- এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী, কেবল ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম-২০২২ চলাকালীন সময়ের জন্য।
- নির্বাচন কমিশন সচিবালয়ের নির্দেশনার বাইরে অতিরিক্ত কোন কিছু দাবী করা যাবেনা।
- প্রত্যেকের ব্যাংক এক্যাউন্ট/মোবাইল ব্যাংকিং নম্বর আবেদনপত্রে উল্লেখ থাকতে থাকতে হবে। নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক নির্ধারিত ও নির্দেশনামতে বিল পরিশোধ করা হবে।
- যেসকল আবেদনকারী ২০০৭, ২০০৯, ২০১২ ও ২০১৪, ২০১৭, ২০১৯ সনে প্রণীত ছবিসহ ভোটার তালিকা প্রণয়ন কাজে নিয়োজিত ছিলেন তাদের সংশ্লিষ্ট জেলা/উপজেলা নির্বাচন অফিসারের নিকট হতে প্রত্যয়নপত্র সংগ্রহ করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, ছবি-১ টি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- যোগ্যসম্পন্ন প্রার্থীদের লিখিত/ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে এবং পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবেনা।
- লিখিত/ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার মাধ্যমে রেজিস্ট্রেশন টিমের জনবল নিয়োগের জন্য প্যানেল প্রভুত করা হবে এবং প্যানেলভুক্ত জনবল হতে হালনাগাদ কাজে নিয়োগ করা হবে।
- আবেদনপত্র গ্রহণ/বাতিল অথবা নিয়োগ সংক্রান্ত যে কোন পরিবর্তন বা সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৭/০৪/২০২২

(সেক মুহাম্মদ জালাল উদ্দিন)

জেলা নির্বাচন অফিসার, বাগেরহাট

ও

সভাপতি, নিয়োগ কমিটি

ফোন:০২৪৭৭৭৫২৬৩৩ (অফিস)

অনুলিপি: সদয় অবগতির ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল।

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
- ২। মহা-পরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ৩। মহা-পরিচালক, নির্বাচনী প্রশিক্ষণ ইনিস্টিটিউট, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ৪। জেলা প্রশাসক, বাগেরহাট
- ৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা
- ৬। পুলিশ সুপার, বাগেরহাট
- ৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল),....., বাগেরহাট
- ৮। উপজেলা নির্বাচন অফিসার (সকল),....., বাগেরহাট। (ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হল।)
- ৯। নোটিশ বোর্ড,

জেলা নির্বাচন অফিসার
বাগেরহাট।